



????? ?????????? ?????? ?????? – ??????????
????????????????

আমার হাতে কোনও শাবল ছিল না,
বাটালিও নয়,
তবু, এতদিন তিলে তিলে গড়ে তোলা দুর্গ
এক দুপুরের বৃষ্টিতে কীভাবে ধুয়ে গেল!
আর
ওই বিশাল পাথুরে অবরোধ-ই যে আড়াল করে রেখেছিল
হার্মাদের মত এক খ্যাঁপা নদী,
এতকাল
. তা আমি জানতেও পারিনি।

সেই অর্গলহীন সজল
সারাদিন, সারারাত আমাকে ভাসিয়ে নিয়ে চলেছে।
ওই ভেসে যাচ্ছে আমার অঙ্গদ, শিরশ্রাণ,
আবরণহীন ভাসতে ভাসতে
আমি চড়তে পারছি
গাঢ় দীঘিকার চেয়ে সজল তোমার দু চোখের ভাষা,
আমি শুনতে পাচ্ছি
সমুদ্রের নাভি থেকে উঠে আসা
. মারমেইডস-এর গলায় তোমার গান,
দিশেহারা, ওলোট-পালোট চেউয়ে
ধুয়ে যাচ্ছে আমার গার্হস্থ্য-সন্ধ্যাস,
জোয়ারে জোয়ারে
. এ তোমাকে কোথায় নিয়ে চলেছে,
. আমার নীরবতা আমার ভাষা।